নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University: NSTU
নোয়াখালী- ৩৮১৪, বাংলাদেশ
Phone : 880-321-62812
Fax : 880-321-62788
Mobile : 880-01720197824
E-mail : info@nstu.edu.bd
Website : www.nstu.edu.bd

রেজিস্ট্রার দফতর
শিক্ষা শাখা



নোবিপ্রবি/রেজি/একা/২০২৬/সমাবর্তন-৩/৯৩৯২৫ ০৮ অক্টোবর ২০২৬

সমাবর্তন বিজ্ঞপ্তি

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী **২৪ জানুয়ারি ২০২৭** নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের **'৩য় সমাবর্তন - ২০২৭'** অনুষ্ঠিত হবে। উক্ত সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের **মাননীয় চ্যান্সেলর**। এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ডিগ্রি/প্রোগ্রাম সম্পন্নকারী শিক্ষার্থীদেরকে https://convocation.nstu.edu.bd এর মাধ্যমে আগামী **১১ অক্টোবর ২০২৬ থেকে ১০ নভেম্বর ২০২৬** তারিখের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

ক) ডিগ্রি ও পরীক্ষা পাসের সন:

ক্রমিক	প্রযোজ্য ডিগ্রিসমূহের নাম	সনদ বিতরণের ডিগ্রিসমূহের শিক্ষাবর্ষ
০১	**স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি:** বি.এসসি/বি.বি.এ/বি.এ/বি.এস.এস/এলএল.বি/ বি.এড/বি.ফার্ম	শিক্ষাবর্ষ: ২০১৪-২০১৫ থেকে ২০২০-২০২১ শিক্ষাবর্ষ পর্যন্ত **(২০২০-২১ শিক্ষাবর্ষের ফার্মেসী বিভাগ ব্যতিত)**
০২	**স্নাতকোত্তর ডিগ্রি:** এম.এসসি/ এম.এসসি ইঞ্জিনিয়ারিং /এম. ইঞ্জিনিয়ারিং /এম.বি.এ/ এম.এ/এম.এস /এম. ফার্ম/ এম.এস.এস/এলএল.এম/ এম.এড/ PMLIS (শিক্ষাবর্ষ: ২০২১-২০২২)	শিক্ষাবর্ষ: ২০১৫-২০১৬ থেকে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ পর্যন্ত ।
০৩	PGDLIS ও PGDIT (ডিপ্লোমা)	PGDLIS: ২০১৮ B3 থেকে ২০২৩ B12 PGDIT : Spring ২০১৮ থেকে Summer ২০২৪

খ) রেজিস্ট্রেশন ফি:

ক্রমিক	ডিগ্রি/প্রোগ্রাম	রেজিস্ট্রেশন ফি
০১	স্নাতক/ স্নাতকোত্তর/পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (আইআইটি ও আইআইএস)/প্রফেশনাল মাস্টার্স (আইআইএস)	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা
০২	স্নাতক ও স্নাতকোত্তর/ পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ও প্রফেশনাল মাস্টার্স (একই সাথে)	৬,০০০/- (ছয় হাজার) টাকা

সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণের নিয়ম ও শর্তাবলী:

১। মূল সনদপত্র সংগ্রহের সময় রেজিস্ট্রেশন ফি জমার অনলাইন পেমেন্ট স্লিপ অবশ্যই জমা দিতে হবে।

২। উপরে উল্লেখিত শিক্ষাবর্ষের ডিগ্রি অর্জনকারীদের মধ্যে যারা ইতোপূর্বে মূল সার্টিফিকেট গ্রহণ করেছেন, তারা পুনরায় মূল সার্টিফিকেট গ্রহণ করতে চাইলে রেজিস্ট্রেশন করতে পারবেন। তবে ইতোপূর্বে গ্রহণকৃত মূল সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হবে।

৩। যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে প্রভিশনাল সার্টিফিকেট গ্রহণ করেনি, তাদেরকে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর থেকে প্রভিশনাল সার্টিফিকেটের আবেদন ফরম সংগ্রহ করে ফরমের নির্ধারিত স্বাক্ষর অংশে সংশ্লিষ্ট দপ্তরসমূহ (বিভাগ, হল ও কেন্দ্রীয় লাইব্রেরি) থেকে প্রয়োজনীয় ক্লিয়ারেন্স স্বাক্ষর গ্রহণ করতে হবে। স্বাক্ষরযুক্ত আবেদন ফরমটির স্ক্যানকপি প্রভিশনাল সার্টিফিকেটের পরিবর্তে সংযুক্ত করে আবেদন সম্পন্ন করতে হবে।

৪। ইতোপূর্বে যারা সাময়িক সনদপত্র গ্রহণ করেছেন, তাদেরকে মূল সনদপত্র সংগ্রহের সময় সাময়িক সনদপত্রের মূলকপি অবশ্যই জমা দিতে হবে।

৫। সমাবর্তন সংক্রান্ত সকল তথ্য (www.nstu.edu.bd) এবং https://convocation.nstu.edu.bd এ পাওয়া যাবে।

৬। সমাবর্তন সম্পর্কিত যে কোন বিষয়ে প্রয়োজনীয় তথ্যের জন্য- **টেকনিক্যাল সহায়তা:** ০১৮৬৬-২২৩৫০০, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর: ০১৮১৫-১৮২০২৬ রেজিস্ট্রার দপ্তর: ০১৩১০-৭২৪৯৮৮, ০১৭২০-১৯৭৮২৪, এবং ই-মেইল: registrar@office.nstu.edu.bd যোগাযোগ করা যাবে।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ও
সদস্য-সচিব, সমাবর্তন কমিটি
০৮/১০/২৬

নোবিপ্রবি/রেজি/একা/২০২৬/সমাবর্তন-৩/ ৯৩৯২৫ ০৮ অক্টোবর ২০২৬

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

০১। ডিন, সকল অনুষদ ০২। ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ ০৩। বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ ০৪। প্রভোস্ট, সকল হল ০৫। প্রক্টর, নোবিপ্রবি ০৬। পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর ০৭। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, (প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ০৮। পরিচালক (ভারপ্রাপ্ত), আইসিটি সেল (ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ০৯। দপ্তর প্রধানবৃন্দ, নোবিপ্রবি। ১০। শাখা প্রধানবৃন্দ, রেজিস্ট্রার দপ্তর, নোবিপ্রবি ১১। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব ১২। উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব ১৩। কোষাধ্যক্ষ মহোদয়ের একান্ত সচিব ১৪। রেজিস্ট্রার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নোবিপ্রবি ১৫। নথি ১৬। মহানথি।

মোহাম্মদ সাইফুদ্দীন ০৮/১০/২৬
ডেপুটি রেজিস্ট্রার ও শাখা প্রধান
শিক্ষা শাখা, রেজিস্ট্রার দপ্তর।